

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৬৯৬

খোয়াই, ৫ জুলাই, ২০২৪

তুলাশিখর কৃষি মহকুমায় মিথিলি ঝড়ে ক্ষতিগ্রস্ত কৃষকদের আর্থিক সহায়তা  
ক্ষতিগ্রস্ত কৃষকদের অ্যাকাউন্টে ১১,৩৯,০০০ টাকা

তুলাশিখর কৃষি মহকুমায় গতকাল এক অনুষ্ঠানে মিথিলি ঝড়ে ক্ষতিগ্রস্ত কৃষকদের আর্থিক সহায়তা দেওয়া হয়। স্টেট ডিজাস্টার রেসপন্স ফান্ড থেকে কৃষি মহকুমার ৪৬৬ জন কৃষকের অ্যাকাউন্টে ১১ লক্ষ ৩৯ হাজার টাকা দেওয়া হয়েছে। এ উপলক্ষে তুলাশিখর ব্লকের সীতেশ স্মৃতি কমিউনিটি হলে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী সুসংহত ফসল ব্যবস্থাপনা কর্মসূচিতে এক সচেতনতামূলক অনুষ্ঠানেরও আয়োজন করা হয়। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন তুলাশিখর বিএসির চেয়ারম্যান প্রদীপ কুমার দেববর্মা, তুলাশিখর বিএসির কৃষি বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি অমিত দেববর্মা, কৃষি তত্ত্বাবধায়ক অর্পণ দেববর্মা প্রমুখ।

\*\*\*\*\*